# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

নং- ৮/নিঃ মাঃ/ফরিদ/ ৩৮৬২ তারিখ ঃ ০৬/০৮/০৫

প্রেরক ঃ **বিদ্যালয় পরিদর্শক,**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক ঃ **প্রধান শিক্ষক,**
শেখর কাজী সিরাজুল ইসলাম একাডেমী,
পোঃ- শেখর, উপজেলা- বোয়ালমারী, জেলা- ফরিদপুর।

বিষয় ঃ **নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।**

সূত্র ঃ উপ-পরিচালক, মাউশি, ঢাকা অঞ্চল-এর ০৮/০৫/২০০৫ ইং তারিখের ৯০৮ নং পত্র।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শাঃ ৪/১০ এম-২৭/২০০২/১৩৭-শিক্ষা তারিখ ২৫/০৩/২০০৩ ইং মোতাবেক বিদ্যালয় কর্তৃপক্ষকে আদিষ্ট হইয়া জানানো যাইতেছে যে, উক্ত নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রাথমিক পাঠদানের অনুমতির লক্ষ্যে মৌলিক শর্তাবলী পূরণ করায় প্রচলিত সাধারণ শর্তে নিম্ন মাধ্যমিক বিদ্যালয়টিকে (৬ষ্ঠ-৮ম শ্রেণী পর্যন্ত) ০১/০১/২০০৫ ইং তারিখ হইতে ৩১/১২/২০০৭ ইং পর্যন্ত মোট ৩ (তিন) বছরের জন্য প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হইল।

**শর্তসমূহ ঃ**

১। প্রাথমিক অনুমতিকে কোনক্রমেই বিদ্যালয়ের স্বীকৃতি হিসাবে গণ্য করা যাইবে না।
২। পরিবেশিত যে কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হইলে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রত্যাহার করা হইবে।
৩। পত্র ইস্যুর তারিখ হইতে ১ (এক) মাসের মধ্যে এডহক কমিটি গঠন করিয়া অনুমোদন পূর্বক ৬ (ছয়) মাসের মধ্যে নিয়মিত কমিটি গঠন করিতে হইবে।
৪। বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী সংখ্যা বাড়াইতে হইবে এবং শ্রেণীর ব্লাকবোর্ড, বসার ব্যবস্থা আরো উন্নতমানের করিতে হইবে।
৫। বিদ্যালয়ের শিক্ষার মান উন্নীত করার জন্য শিক্ষক/শিক্ষিকাগণকে পাঠভিত্তিক পাঠপরিকল্পনা গ্রহণ করিয়া শ্রেণীকক্ষে পাঠদান করিতে হইবে।
৬। বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়ানুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান, গাইডিং ইত্যাদি) পরিচালনা করিতে হইবে।
৭। বিদ্যালয়ের চারিদিকে মূল্যবান আরো অধিক বৃক্ষের চারা রোপন করিয়া সংরক্ষণের ব্যবস্থা করিতে হইবে।
৮। জুনিয়র বৃত্তি পরীক্ষায় কমপক্ষে ২০% পরীক্ষার্থীকে অংশগ্রহণ করাইতে হইবে এবং ৭০% পরীক্ষার্থীকে উত্তীর্ণ ফলাফল অর্জন করিতে হইবে।

০৬/৮/০৫

**(আতাউর রহমান খান)**
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

মেমো নং-

তারিখ ঃ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। জেলা প্রশাসক, ফরিদপুর।
৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
৪। জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর।
৫। উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী, ফরিদপুর।
৬। চেয়ারম্যান, ম্যানেজিং কমিটি, **শেখর কাজী সিরাজুল ইসলাম একাডেমী,**
পোঃ- শেখর, উপজেলা- বোয়ালমারী, জেলা- ফরিদপুর।
৭। সমন্বয় সেল, সংস্থাপন শাখা, বি.আই.এস.ই., ঢাকা।
৮। পি.এস.- টু চেয়ারম্যান, বি.আই.এস.ই., ঢাকা।
৯। অফিস কপি।

**বিদ্যালয় পরিদর্শক**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।